

কৃষি সুপারিশ

২১-২৩ ই নভেম্বর ২০২২ (৩-৬ ই অক্টোবর ১৪২৯)

আমদ ধান :-

শতকরা ৮০ ভাগ ধান চাষে চালে ধান কেটে ফেলুন। বাদামি বা হলদেটে রং এর ছোটো ছোটো শোষক চোকা দলবদ্ধ তবে গাছের গোড়ায় বসে রস চুষে খায় এবং গোড়ায় বসে রস চুষে খায় এবং গাছের চোড়া পাঁচে যায়। লক্ষ্য না রাখলে মারাত্মক ক্ষতি হতে পারে। চোকাকার অক্রমণ অর্থনৈতিক ক্ষতির সীমা অতিক্রম করলে ধাত্রোমিথোয়াম ২৫% ডব্লিউ ০.৫০ গ্রাম বা বুথোফেন্ডিন ১৫% এসসি + এসিফেট ৩৫% ডব্লিউ .জি ২.৫০ গ্রাম বা এসিফেট ৭৫% ডব্লিউ .পি ১.৫০-২.০০ গ্রাম প্রতি লিটার জলে গুলে স্প্রে করুন। চোকা দমনে রাতে আলোক ফাঁদের ব্যবস্থা করুন। বীজ রাখার জন্য নির্ধারিত জমি থেকে আঁচ জাতের গাছ তুলে ফেলুন। **সবরকম ফসলের বীজ অবশ্যই শেধন করে বপন করুন। আগে বীজ শেধন পরে বীজ বপন।**

শ্বেত বীজ:

শ্বেত সরিষা ও রাই সরিষা বীজ বুন ফেলুন। উন্নত জাত: (শ্বেত সরিষা) :- বিনয়, সুবিনয়, মুমকা এবং (রাই সরিষা) :- সীতা, ভাগীরথী, সরমা, পূসা বোড, বরুনা। বীজের হার : হেক্টর প্রতি সারে সাত (৭.৫) কেজি। বীজ শেধনের জন্য ধাইরাম অথবা ক্যাপটান ২.৫ গ্রাম হারে প্রতি কেজি বীজের সাথে মিশিয়ে নিন। বীজ সারিতে ৩০ সেমি X ১০ সেমি দূরত্বে বুনুন। মূল সার হিসাবে জৈবসার ৫ টন ও অ্যাজোফস ১৫ কেজি হেক্টর প্রতি প্রয়োগ করুন এবং শ্বেত সরিষার ক্ষেত্রে ৫০ কেজি নাইট্রোজেন, ৫০ কেজি ফসফেট, ২৫ কেজি পটাশ ও রাই সরিষার ক্ষেত্রে ৬০ কেজি নাইট্রোজেন ৬০ কেজি ফসফেট ৩০ কেজি পটাশ জমিতে মিশিয়ে দিন।

জল শস্য

জল শস্য বেমন বেসারী, মটর, মুগুবি, ইত্যাদির বীজ বুনুন। বীজ শেধনের জন্য প্রতি কেজি বীজের সাথে ধাইরাম অথবা ক্যাপটান ২.৫ গ্রাম হারে ভালোভাবে মিশিয়ে নিন।

বেসারী :- জাত: নির্মল, রতন, পূসা-২৪। হেক্টর প্রতি ৪৫ - ৫০ কেজি বীজ সারিতে ২০ সেমি X ১০ সেমি দূরত্বে বপন করুন। বোনার আগে রাইজোফ্লিয়াম কালচার বীজের সাথে মিশিয়ে নিন। মূল সার হিসাবে হেক্টর প্রতি ৫ টন জৈব সার এবং ২০ কেজি নাইট্রোজেন, ৪০ কেজি ফসফেট, ৪০ কেজি পটাশ প্রয়োগ করুন।

মটর :- জাত: ধূসর, জি এফ-৬৮, ডি ডি আর-২৩, আছাদ। হেক্টর প্রতি ৫০-৭৫ কেজি বীজ সারিতে ২০ সেমি X ১০ সেমি দূরত্বে বপন করুন ও বোনার আগে রাইজোফ্লিয়াম কালচার বীজের সাথে মিশিয়ে নিন। মূল সার হিসাবে হেক্টর প্রতি ৫ টন জৈব সার এবং ২০ কেজি নাইট্রোজেন, ৪০ কেজি ফসফেট, ৪০ কেজি পটাশ প্রয়োগ করুন।

মুগুবি :- জাত: আশু, রজন, সুরত, কে-৭৫, এল-৪০৭৬। বীজ শেধনের জন্য ধাইরাম (৭৫%) অথবা ক্যাপটান (৭৫%) ২.৫ গ্রাম হারে প্রতি কেজি বীজের সাথে মিশিয়ে নিন। মূল সার হিসাবে হেক্টর প্রতি ৫ টন জৈব সার এবং ৩০ কেজি নাইট্রোজেন, ৬০ কেজি ফসফেট, ৬০ কেজি পটাশ প্রয়োগ করুন। **রাবি অঙ্কুর এর বীজ বুনুন।** এই জন্য **রাবি ২০/১০৫** জাতের বীজ শেধন করে বুনুন। বিঘা প্রতি ৮ কেজি বীজ প্রয়োজন। ২ ফুট X ১ ফুট দূরত্বে বীজ বুনুন। বোনার আগে রাইজোফ্লিয়াম কালচার বীজের সাথে মিশিয়ে নিন। মূল সার হিসাবে হেক্টর প্রতি জৈব সার ৫ টন এবং ৩০ কেজি নাইট্রোজেন, ৬০ কেজি ফসফেট, ৬০ কেজি পটাশ জমিতে প্রয়োগ করুন।

আম সময় মতো ফসল কেটে নিন। পরবর্তি আম বসানোর পরিকল্পনা করুন।

আলু :- আলু বীজ বপন করুন। জাত: কুফরি-চন্দ্রমুখী, কুফরি-অশোকা, কুফরি-পাখরাজ, কুফরি-লডকর, কুফরি-জ্যোতি, কুফরি-লালিমা, কুফরি-আনন্দ, কুফরি-চিপসোনা-১, কুফরি-চিপসোনা-২ ইত্যাদি।

২-৩টি চাষ বৃক্ষ কমপক্ষে ২০ গ্রাম ওজনের আলু-কন্দ শেধন করে ১ হাত দূরে দূরে সারিতে ও সারিতে ১ হাতে ৩ টি করে কন্দ বসান। হেক্টর প্রতি ১৮-২০ কুইন্টাল আলু-কন্দের প্রয়োজন। বীজ শেধনের জন্য নিম্নলিখিত দ্রবনে বীজ-আলু ডুবিয়ে রাখতে হবে:

ক) মিথোয়ালি ইথাইল মারকিউরিক ক্লোরাইড ২ গ্রাম প্রতি লিটার জলে গুলে ২ মিনিট অথবা

খ) ম্যানকোজেব : ২.৫ গ্রাম প্রতি লিটার জলে গুলে ১০ মিনিট।

মাটি পরীক্ষার ভিত্তিতে জমিতে সার প্রয়োগ করুন। অন্তর্ধায়, মূল সার হিসাবে হেক্টর প্রতি জৈব সার ১০ টন, ১৫ কেজি অ্যাজোফস এবং নাইট্রোজেন ৬৬.৫ কেজি ৫০ কেজি ফসফেট, ৫০ কেজি পটাশ সার মাটিতে মিশিয়ে দিন।

গম বীজ বোনার পরিকল্পনা করুন। এই জন্য পি বি ডব্লিউ-৩৪৩/৪৪৩/৩৭৩/৫০২, রাজলক্ষি,

কে -৩০৭(শতাব্দী), সোনালী, ইউ পি-২৬২, আর আর-২, দেবা (কে-৯১০৭) ইত্যাদির বীজ সংগ্রহ করুন। হেক্টর প্রতি ১০০ -

১২০ কেজি বীজের প্রয়োজন। জমির জো দেখে চাষ দিয়ে মাটি ঝুড়ঝুড়ে করে বীজ বুনুন। মূল সার হিসাবে হেক্টর প্রতি ৫ টন জৈব সার, ১৫ কেজি অ্যাজোফস এবং ৬০ কেজি নাইট্রোজেন, ৬০ কেজি ফসফেট, ৬০ কেজি পটাশ সার মাটিতে মিশিয়ে দিন। বীজ শেধনের জন্য প্রতি কেজি বীজের সাথে ২.৫ গ্রাম কার্বোয়ালিন ও ২.৫ গ্রাম ধাইরাম অথবা ২ গ্রাম কার্বোডাজিম বা ম্যানকোজেব মিশিয়ে নিন।

জিরো টিলেজ পদ্ধতিতে আমদ ধান কাটার পরে জমিতে যন্ত্রের সহায়তায় গম বীজ বুন ও সার প্রয়োগ করে আলো ফলন পাওয়া যায়।

এ বিষয়ে বিস্তারিত জানতে আপনার ব্লকের স্থানীয় কৃষি পুস্তক সহায়ক অথবা সহ কৃষি অধিকর্তার কার্যালয়ে যোগাযোগ করুন।

কৃষি অধিকর্তা/পচিমবস সরকার-এর পক্ষে



ব্যুপ কৃষি অধিকর্তা (জনসংযোগ, তথ্য ও সম্প্রচার),
পচিমবস